

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১, সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.০১৮.১৭৯.২০১৬-৫২৪৯

তারিখ : ১৫ জুলাই, ১৪২৩
২৯ মে, ২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়স্বাধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর নিম্নবর্ণিত শূন্য পদে (রাজস্বখাত) এবং ব্যানবেইস এর আওতায় "Upazilla ICT Training and Resource Centre for Education (UITRCE)" এর জন্য রাজস্বখাতে নবসৃষ্ট নিম্নোক্ত পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে অন লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|--------------|---|----------------|---|---|
| ০১। | স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর টাঃ ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ০২টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতিতে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | মানিকগঞ্জ, রাজবাড়ী, শেরপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ফেনী, পঞ্চগড়, ঠাকুরগাঁও ও মেহেরপুর ব্যতীত সকল জেলা। |
| ০২। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) (স্কেল ১১০০০-২৬৫৯০) | ১২৮টি | (ক) Degree Graduate, Preferably Science, (খ) Must qualify Operator's aptitude test. | মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৩। | স্টাট মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। ইংরেজি ও বাংলায় শ্রুতলিপি প্রতিমিনিটে ইংরেজি ৮০ শব্দ বাংলা ৬০ শব্দ। (খ) কম্পিউটারের ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকতে হবে, যথা :- (১) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; এবং (২) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৪। | সংকলক (কম্পাইলার) টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | |
| ০৫। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারের ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকতে হবে, যথা :- (১) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং (২) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| | ল্যাব এ্যাসিস্টেন্ট টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৭টি | ক) এইচএসসি অথবা সমমান, খ) শারীরিকভাবে সুস্থাম দেহের অধিকারী এবং কম্পিউটার হার্ডওয়্যার মেইনটেন্যান্স এবং ডাটা এন্ট্রি কাজে অভিজ্ঞতা। | |

ক) শর্তাবলীঃ

- ১। আশ্রয়ী প্রার্থীদের আগামী ৩১/০৫/২০১৬ তারিখ হতে ২৯/০৬/২০১৬ তারিখ বিকাল ৫ ঘটিকা পর্যন্ত ব্যানবেইস এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd/jobs) এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ২। ২৯.০৬.২০১৬ তারিখে আবেদনকারীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় (মুক্তিযোদ্ধার সন্তান) এবং শারীরিক প্রতিবন্ধি আবেদনকারীদের বয়স উক্ত তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে।
- ৩। দরখাস্ত করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৪। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর অনুকূলে ১-২৫৭৯-০০০০-২০৩১ কোড নম্বরে ১০০/- (একশত) টাকা জমাপূর্বক ড্রেজারী চালানের ক্যান কপি আবেদন এর সাথে upload করতে হবে।
- ৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ কিংবা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। প্রার্থীদের প্রাথমিকভাবে কোন সনদ ও কাগজপত্র প্রেরণ করতে হবে না তবে সাক্ষাৎকার গ্রহণের সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে সকল সনদ এর মূলকপি দেখাতে হবে।
- ১০। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- ১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিল এবং পদসংখ্যা বাড়ানো কিংবা কমানোর বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ শামসুল আলম
চীফ, পরিসংখ্যান বিভাগ
এবং
সদস্য-সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি।